Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১০

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে চলমান প্রশিক্ষণ কার্যক্রম সীমিতকরণ প্রসঙ্গে।**

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বিশেষত এর কমিউনিটি ট্রান্সমিশন প্রতিরোধ করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক-কোম্পানীসমূহকে ইতিমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণস্থলে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে করোনা ভাইরাস সংক্রমণ ঝুঁকি বৃদ্ধির সম্ভাবনা বিবেচনায় ব্যাংকের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

১। করোনা ভাইরাসের প্রার্দুভাব প্রশমিত না হওয়া পর্যন্ত ১০(দশ) জনের অধিক কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণে চলমান সকল প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত করে উক্ত কর্মকর্তাগণকে স্ব-স্ব কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করতে হবে। করোনা ভাইরাসের প্রার্দুভাব প্রশমিত হওয়ার পর অসম্পূর্ণ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

২। ১০(দশ) জন বা তদপেক্ষা স্বল্প সংখ্যক কর্মকর্তার অংশগ্রহণে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আসন বিন্যাসের ক্ষেত্রে ন্যূনতম দূরত্ব সংক্রান্ত World Health Organization (WHO) এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ মকবুল হোসেন
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮